



শোক বার্তা

আরডিএ, বগুড়া'র মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
জনাব মোঃ আমিনুল ইসলামের মৃত্যুতে এসএফডিএফ পরিবার গভীরভাবে শোকাহত

পল্লী উন্নয়ন একাডেমী (আরডিএ) বগুড়া'র মহাপরিচালক (অতিরিক্ত সচিব) জনাব মোঃ আমিনুল ইসলাম করোনা ভাইরাসে আক্রান্ত হয়ে আজ ১১ জুলাই ২০২০ সকাল ৯.৩০ টায় রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালের আইসিইউ-এ চিকিৎসাধীন অবস্থায় মৃত্যবরণ করেন। ইম্নালিল্লাহি ওয়া ইন্নাহ ইলাহি রাজেউন। এসএফডিএফ পরিবারের সকল স্তরের কর্মকর্তা/কর্মচারীদের পক্ষ হতে এসএফডিএফ-এর ব্যবস্থাপনা পরিচালক জনাব এ এইচ এম আবদুল্লাহ তাঁর মৃত্যুতে গভীর শোক প্রকাশ করেছেন। এসএফডিএফ পরিবারের সকলেই তাঁর পরিবারের সদস্যদের প্রতি সমবেদনা জ্ঞাপন ও তাঁর বিদেহী আত্মার মাগফেরাত কামনা করেন।

জনাব মোঃ আমিনুল ইসলাম বিসিএস প্রশাসন ক্যাডারের ৮ম ব্যাচের একজন কর্মকর্তা ছিলেন। সুদীর্ঘ চাকরি জীবনে তিনি সরকারের বিভিন্ন দপ্তরের উচ্চতর পদে অত্যন্ত দক্ষতা ও নিষ্ঠার সাথে দায়িত্ব পালন করেন।

সম্প্রতি তিনি পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের 'নিয়ন্ত্রণাধীন দপ্তর/সংস্থা' ক্যাটাগরিতে "শুদ্ধাচার পুরস্কার ২০১৯-২০" অর্জন করেন। সরকারি কর্মকর্তা/কর্মচারীদের শুদ্ধাচার চর্চায় উৎসাহিত করার লক্ষ্যে মন্ত্রীপরিষদ বিভাগের শুদ্ধাচার নীতিমালা-২০১৭ অনুযায়ী এ পুরস্কার প্রদান করা হয়। পল্লী উন্নয়নে তাঁর অনেক অবদান রয়েছে।